# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১২৬

১/ বিবিধ

আরবী

يا ابن عمر! دينك دينك، إنما هو لحمك ودمك، فانظر عمن تأخذ، خذ عن الذين استقاموا، ولا تأخذ عن الذين مالوا

ضعيف

أخرجه الخطيب في " الكفاية " (ص 121) من طريقين عن المبارك مولى إبراهيم بن هشام المرابطي قال: حدثنا العطاف بن خالد عن نافع عن ابن عمر عن النبي صلى الله عليه وسلم قال: فذكره

قلت: وهذا إسناد ضعيف، العطاف هذا مختلف فيه، وقد أورده الذهبي في " الضعفاء " وقال

" وثقه أحمد وغيره، وقال أبو حاتم: ليس بذاك

وقال الحافظ في " التقريب

صدوق يهم

والمبارك مولى إبراهيم بن هشام المرابطي لم أجد له ترجمة

বাংলা

১১২৬। হে আব্দুল্লাহ্ ইবনু উমার! তুমি তোমার দ্বীনকে ধরে রাখো তোমার দ্বীনকে ধরে রাখো। দ্বীনই হচ্ছে তোমার মাংস আর তোমার রক্ত। অতএব তুমি কার কাছ থেকে গ্রহণ করছ তা দেখে শুনে গ্রহণ কর। তুমি তাদের নিকট থেকেই গ্রহণ কর যারা সঠিক পথের উপর অটল রয়েছে। তাদের নিকট থেকে গ্রহণ করো না যারা বক্র পথের দিকে ধাবিত হয়েছে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আল-খাতীব "আল-কিফায়াহ" গ্রন্থে (পৃঃ ১২১) দুটি সূত্রে ইব্রাহীম ইবনু হিশাম আল-মুরাবিতির দাস আল-মুবারাক হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমাদেরকে হাদিসটি আল-আত্তাফ ইবনু খালেদ নাফে’ সূত্রে আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ দুর্বল। আত্তাফ সম্পর্কে মতবিরোধ করা হয়েছে। হাফিয যাহাবী তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইমাম আহমাদ প্রমুখ তাকে নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। আর আবু হাতিম বলেনঃ তিনি সেরূপ নন।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, তবে সন্দেহ করতেন।

অপর বর্ণনাকারী আল-মুবারাকের জীবনী পাচ্ছি না। অর্থাৎ তিনি মাজহুল (অপরিচিত)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন